

পশ্চিমবঙ্গ
সাব-অর্ডিনেট ইঞ্জিনিয়ারিং
সার্ভিস এ্যাসোসিয়েশন

(পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃতি পত্র নং ৩৮৬৫-ই, তারিখ ০৭।১১।৫০)

কেন্দ্রীয় দপ্তর : পি ডব্লু ডি অফিস, নীলরতন সরকার হাসপাতাল, কলকাতা-৭০০০১৪

মাননীয়,
যুগ্ম-সচিব, পূর্ত বিভাগ,
মহাকরণ ভবন,
কলকাতা।

বিষয় : দপ্তরে কর্মরত সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার তথা জুনিয়ার ইঞ্জিনিয়ারদের ক্যাডারগত কিছু সমস্যা প্রসঙ্গে।

মহাশয়,

গত ১২এপ্রিল আপনার সঙ্গে সমিতির প্রতিনিধিদের উপরোক্ত ক্যাডারের বেশ কিছু সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করে দীর্ঘ আলোচনা অনুষ্ঠিত হয়েছে। উক্ত আলোচনা প্রসঙ্গে আপনার সুনির্দিষ্ট মতামতের ভিত্তিতে আমরা পরবর্তীকালে নথীসহ আপনার সঙ্গে আলোচনায় বসার সুযোগ প্রত্যাশা করায় আপনি সহমত প্রকাশ করেছিলেন। উক্ত আলোচনায় সুনির্দিষ্ট প্রসঙ্গগুলি ছিল :

১) দপ্তর প্রকাশিত নিয়োগবিধি সংক্রান্ত আদেশনামা ও গেজেট নোটিফিকেশনে ক্যাডারের সার্ভিস নমিনক্লেচার অনধবানবশতঃ ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট সার্ভিস অফ ইঞ্জিনিয়ার্স এর পরিবর্তে ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ইঞ্জিনিয়ারিং সার্ভিস হিসাবে উল্লেখিত হওয়া প্রসঙ্গে আপনার অভিমত হলো সর্বশেষ আদেশনামার ভিত্তিতে এই নোটিফিকেশন প্রকাশিত হয়েছে এবং এটাই যথাযথ বলে আপনি মনে করেন। এক্ষেত্রে অর্থদপ্তরের সর্বশেষ আদেশনামা নং ৭৫৫১-এফ.(পি.), তারিখ-১৬.১০.১৫-র ভিত্তিতে সমস্ত দপ্তরগুলিকে একটি সাধারণ নিয়োগ নীতি প্রণয়নের জন্য নির্দেশ প্রকাশিত হয়েছিল, তার প্রতি আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং এর ভিত্তিতেই রাজ্যের সমস্ত কারিগরী ও অকারিগরী দপ্তরগুলিতে একই ভাবে দপ্তরভিত্তিক আদেশনামাগুলি কার্যকরী করার জন্য প্রেরিত হয়েছে।

২) দপ্তরের সমস্ত সার্কেল ও মুখ্যবাস্তকার দপ্তরগুলিতে অনুমোদিত হেড এন্টিমেটর পদগুলি পূরণ এবং পরবর্তীকালে সৃষ্ট সমস্ত সার্কেল ও মুখ্য বাস্তকার দপ্তরে হেড এন্টিমেটর পদগুলির অনুমোদনের ও পূরণের প্রক্ষেপে আপনার অভিমত হলো কোডিফায়েড রুলস, ডব্লু.বি.এফ.আর. এবং ডব্লু.বি.এস.আর.-এর কোন নথীতে এই পদটির কোন বস্তুগত ভিত্তি, অস্তিত্বের কার্যকারণ এবং ক্যাডারের ডিউটি ও রেসপন্সিবিলিটি সম্পর্কিত কোন নির্দেশিকা নেই, স্বভাবতই এই পদের প্রয়োজনীয়তা এবং প্রাপ্য এ্যাডিশনাল রেমুনারেশন বা সংশোধিতরূপে স্পেশাল পে-র প্রয়োজন নেই বলেই আপনার অভিমত। সুনির্দিষ্টভাবে আপনার অভিমতের অর্থ হলো, মুখ্য বাস্তকার দপ্তরে বা সার্কেল অফিসে এন্টিমেটিং সেকশনেরই কোন প্রয়োজনীয়তা থাকছে না। আমাদের অভিমত ছিল যে, এই দুটি ক্ষেত্রে এন্টিমেটিং সেকশনে হেড এন্টিমেটররা সংশ্লিষ্ট অফিসগুলির কাঠামোগত বাস্তবতার ভিত্তিতে দুইজন থেকে পাচজন এন্টিমেটর/জুনিয়ার ইঞ্জিনিয়ারদের দায়বদ্ধতা পালনে সুপারভাইজার হিসাবে একাদিক্রমে কর্মসম্বলক ও সংশ্লিষ্টস্তরের কারিগরী আধিকারিকদের সহায়তাকারী কারিগরী আধিকারিক হিসাবে এযাবৎকালধরে দায়িত্ব পালন করে চলেছেন। যিনি একাদিক্রমে ২০ বছর সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার তথা জুনিয়ার ইঞ্জিনিয়ার ক্যাডারে কর্মরত হিসাবে যোগ্যতা অর্জন করে তবেই অপশনের ভিত্তিতে এই পদগুলিতে অধিষ্ঠিত হবার অধিকারী। আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম যে, বিগত পঞ্চম রাজ্য বেতন কমিশনের পক্ষ থেকেও এই ক্যাডারের সুপারভাইজারী পদের যোগ্যতা অনুযায়ী ভাতা বৃদ্ধির সুপারিশ করেছে, এমনকি সমিতির দাবী অনুযায়ী ডিভিশন অফিসগুলিতেও হেড এন্টিমেটর পদের মান্যতা দিয়ে দপ্তরগুলিকে পদ সৃষ্টি ও ভাতা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের সুপারিশ করেছে, যার মান্যতা দিয়ে দপ্তরগুলি এতদসংক্রান্ত কোন সুপারিশ এখনো কার্যকরী করেনি। এমনকি বিগত ৩০দশকের পরবর্তী সমস্ত বেতন কমিটি / কমিশনের সুপারিশের ভিত্তিতে এই পদের একটা সময় পর্যন্ত নির্দিষ্ট বেতন স্কেল পরবর্তীকালে স্পেশাল পে এবং অবশেষে এ্যাডিশন্যাল রেমুনারেশন হিসাবে কার্যকরী হয়ে এসেছে।

সমগ্র প্রসঙ্গগুলি নিয়ে নথীসহ আপনার সঙ্গে পুনরায় আমরা সমিতির পক্ষ থেকে আলোচনায় মিলিত হতে চাই সেই মতো একটি দিন ও সময় নির্দিষ্ট করার অনুরোধ জানাই।

ধন্যবাদান্তে,

সংযুক্তি : সংশ্লিষ্ট আদেশনামাগুলি, পঞ্চম রাজ্য বেতন কমিশনের সুপারিশ
ও রোপা রিপোর্ট-এর সংশ্লিষ্ট অংশের কপি।

ভবদীয়,
মাননীয় সচিব
সাধারণ সম্পাদক